

মিডিয়া বিজ্ঞপ্তি - আগস্ট ২৩, ২০১৭

সামিট অয়েল এন্ড শিপিং এর নতুন উপদেষ্টা রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ



রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ, ওএসপি, বিএসপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি (অব:) সম্প্রতি সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানী লিমিটেডের উপদেষ্টা হিসেবে যোগদান করেছেন। সামিট অয়েল এন্ড শিপিং বাংলাদেশের প্রধান জ্বালানী আমদানিকারক, পরিবেশক, স্টোরেজ সার্ভিস সরবরাহকারি এবং মেরিন ডিসট্রিবিউটর।

সামিট অয়েল এন্ড শিপিং-এ যোগদানের পূর্বে তিনি পরিচালক ক্রয় (নেভী), ডিজিডিপি এর দায়িত্ব পালন করেছেন। এছাড়াও রিয়ার এডমিরাল রিয়াজ খুলনা শীপইয়ার্ডের ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং মংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিয়াং বিভাগে স্নাতক সম্পন্ন করেছেন।

সামিট অয়েল এন্ড শিপিং-এ যোগদান প্রসঙ্গে তিনি বলেন, “আমি সামিট গ্রুপের সদস্য হতে পেরে গর্বিত। সামিট বাংলাদেশ সরকারের প্রথম বেসরকারি এলএনজি সরবরাহকারি প্রতিষ্ঠান। সামিট দেশের জ্বালানী নিরাপত্তা অর্জন এবং সর্বোপরি এসডিজি ৭ (সবার জন্য শাস্যী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক জ্বালানী) বাস্তবায়নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে”।

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মেবাইল- ০১৭১৩০৮১৯০৫